দৈনিক ইনকিলাব

60

তারিখ ... MAR. 01 2000 ...
পৃষ্ঠা ১ কলাম ১

# কাল থেকে এসএসসি পরীক্ষা শুরু

স্টাফ রিপোর্টার ঃ ৫টি শিক্ষা বোর্ডের অধীনে আগামীকাল (বৃহস্পতিবার) থেকে একযোগে দেশের সর্ববৃহৎ পাবলিক এক্সামিনেশন ২০০০ সালের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। আগামী ১৫ মার্চেই এই পরীক্ষা শেষ হবে। এই প্রথমবারের মতো মাত্র ১৩ দিনেই এসএসসি পরীক্ষা সম্পন্ন করার উদ্যোগ নেয়ায় সারাদেশের লক্ষ লক্ষ পরীক্ষার্থী ও তাদের অভিভাবকরা এবার প্রচণ্ড মানসিক চাপের মধ্যে পড়েছেন। ৫টি বোর্ড থেকে সর্বমোট ৯ লাখ ৩০ হাজার

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## এসএসসি

প্রথম পৃষ্ঠার

ছাত্র-ছাত্রী এবারের এসএ[illegible] অংশ নেবে। এর মধ্যে ঢাকা [illegible] লাখ ৬৩ হাজার, রাজশাহী বো[illegible] প্রায় ২ লাখ ৭৩ হাজার, যশোর বোর্ডে ১ লাখ ৬৭ হাজার, কুমিল্লা বোর্ডে ১ লাখ ৫৩ হাজার এবং চট্টগ্রাম বোর্ডে ৭৫ হাজার পরীক্ষার্থী রয়েছে। গত বছর এই সংখ্যা ছিল ৮ লাখ ৩৭ হাজার এবং পাসের সংখ্যা সাড়ে ৪ লক্ষাধিক। এ বছর

পরীক্ষার্থীর সংখ্যা প্রায় এক লাখ বেশী। রেকর্ডসংখ্যক পরীক্ষার্থী এবারের এই পরীক্ষায় অংশ নিচ্ছে। এবার সারাদেশে ৮৪১টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে ঢাকা বোর্ডে ২১৭টি, রাজশাহী বোর্ডে ২১১টি, যশোর বোর্ডে ১৫৭টি, কুমিল্লা বোর্ডে ১৭১টি ও চট্টগ্রাম বোর্ডে ৮৮টি কেন্দ্র রয়েছে। গত বছর কেন্দ্রের সংখ্যা ছিল সর্বমোট ৮৩৫টি। গত বছরের মত এবারও

বিভিন্ন বোর্ডে পৃথক পৃথক প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং নকল এড়াতে এ বছর প্রশ্নপত্রের ধরনেও কিছুটা পরিবর্তন আনা হয়েছে। পরীক্ষা চলাকালে প্রচলিত নিয়মানুযায়ী কেন্দ্রের চারদিকে ২০০ গজের মধ্যে ১৪৪ ধারা বলবৎ থাকবে এবং কেন্দ্রের নিকটস্থ সকল ফটোকপি মেশিনও ঐ সময় বন্ধ রাখতে হবে। ঈদের পর অর্থাৎ এ মাসের শেষ দিকে অনুষ্ঠিত হবে এসএসসির ব্যবহারিক পরীক্ষা। এবারের পরীক্ষার ব্যাপারে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মোঃ আতাউর রহমান জানান, সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। স্ব-স্ব এলাকায় প্রশ্নপত্র পাঠানো হয়েছে। নকল প্রতিরোধে মন্ত্রণালয় ও বোর্ডের পক্ষ থেকে বিশেষ ভ্রাম্যমাণ টীম গঠন করা হয়েছে। কোন কেন্দ্রে নকল হলেই সেই কেন্দ্র বাতিল করা হবে। এদিকে বিভিন্ন স্কুল থেকে এসএসসি পরীক্ষার ফরম যথারীতি পূরণ করেও গতকাল পর্যন্ত অনেকে প্রবেশপত্র পায়নি বলে অভিযোগ পাওয়া গেছে। এছাড়া ইস্যুকৃত বহু প্রবেশপত্রে অনেক ভুলভ্রান্তিও ধরা পড়েছে। এ নিয়ে শিক্ষক ও সংশ্লিষ্ট ছাত্রছাত্রীরা মারাত্মক ভোগান্তির মধ্যে পড়েছে। আগামীকাল প্রথম দিনে ইংরেজী প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে।